

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২৮৭

৪/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/৪৯. সালাত আদায়কারীর সুতার কাছাকাছি দাঁড়ানো

دنو المصلى من السترة

আরবী

حَدِيْثُ سَلَمَةَ بْنِ الْأَكْوَعِ فَيُصلِّي عِنْدَ الْأُسْطُوانَةِ الَّتِي عِنْدَ الْمُصْحَفِ فَقُلْتُ يَا أَبَا مُسْلِمٍ أَرَاكَ تَتَحَرَّى الصَّلاَةَ عِنْدَ هَذِهِ الْأُسْطُوانَةِ قَالَ فَإِنِّي رَأَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم يَتَحَرَّى الصَّلاَةَ عِنْدَهَا

বাংলা

২৮৭. ইয়াযীদ ইবনু আবূ 'উবায়দ (রহ.) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি সালামা ইবনুল আকওয়া' (রাযি.)-এর নিকট আসতাম। তিনি সর্বদা মসজিদে নববীর সেই স্তম্ভের নিকট সালাত আদায় করতেন যা ছিল মাসহাফের নিকটবর্তী। আমি তাঁকে বললামঃ হে আবূ মুসলিম! আমি আপনাকে সর্বদা এই স্তম্ভ খুঁজে বের করে সামনে রেখে সালাত আদায় করতে দেখি (এর কারণ কী?) তিনি বললেনঃ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এটি খুঁজে বের করে এর নিকট সালাত আদায় করতে দেখেছি।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮ : সালাত, অধ্যায় ৯৫, হাঃ ৫০২; মুসলিম, পর্ব ৪ : সালাত, অধ্যায় ৪৯, হাঃ ৫০৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ইয়াযীদ ইবনু আবূ 'উবায়দ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন